

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ বিবিধ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মুসলিম দোষ ঢাকার উদ্দেশ্যে সাক্ষ্য গোপন করা বৈধ কি?

মুসলিমের দোষ ঢাকার উদ্দেশ্যে সাক্ষ্য গোপন করা বৈধ, যদি সেই গোপন করাতে সত্যের আপলাপ না হয়, নোংরা কাজ বৃদ্ধি না পায় এবং অপরাধী অপরাধে উদ্বুদ্ধ না হয়। নচেৎ সাক্ষ্য গোপন করা এবং সাক্ষ্য দিতে অস্বীকার করা বৈধ নয়। যেহেতু মহান আল্লাহ বলেছেন,

"যখন (সাক্ষয দিতে) ডাকা হয়, তখন যেন সাক্ষীরা অস্বীকার না করে।" (বাকারাহঃ ২৮২)

অর্থাৎ, তোমরা সাক্ষ্য গোপন করো না, বস্তুতঃ যে তা গোপন করে, নিশ্চয় তার অন্তর পাপময়। তোমরা জা কর, আল্লাহ তা সবিশেষ অবহিত। (বাকারাহঃ ২৮২)

পক্ষান্তরে যারা হক ও ন্যায় প্রতিষ্ঠার জন্য এবং বাতিল ও অন্যায় নিপাতনের জন্য সাক্ষ্য দিতে ডাকার আগেই সাক্ষ্য দিতে চায়, তারাই হল সর্বশ্রেষ্ঠ সাক্ষী। মহানবী (সঃ) বলেন, "তোমাদেরকে সর্বশ্রেষ্ঠ সাক্ষীর কথা বলে দেব না কি? যে চাওয়ার আগেই নিজের সাক্ষ্য নিয়ে উপস্থিত হয়।" (মুসলিম ১৭২০ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2411

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন